বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

সাভার, ঢাকা-১৩৪৩

www.bpatc.org.bd

সাধারণ শাখা

বিষয়: ২০২০ সালের ৭ম প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ রকিব হোসেন এনডিসি রেক্টর
সভার তারিখ	২৮ সেপ্টেম্বর ২০২০
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	রেক্টর'স কনফারেন্স রুম (আইটিসি)
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর পরিচালক (প্রশাসন) সভাপতির নির্দেশনা মোতাবেক বিষয়ভিত্তিক এজেন্ডাসমূহ উপস্থাপন করেন। গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

ক্র:নং:	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/বাস্তবায়নকারী
১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠও অনুমোদন	গত ২৪.০৮.২০২০ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী ই-নথির মাধ্যমে সকল কর্মকর্তার মাঝে জারি করা হয়।উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী/ মতামত থাকলে তা উত্থাপনের অনুরোধ জানানো হয়।	গত ২৪.০৮.২০২০ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণীর ১০ (ক) তে উল্লিখিত রংপুর আরপিএটিসি'র বাউন্ডারী ওয়াল নির্মাণের জন্য বিভাগীয় কমিশনার রংপুর এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে মর্মে গৃহীত সিদ্ধান্তটির পরিবর্তে পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) এর মতামত/প্রস্তাবের প্রেক্ষিতে রংপুর আরপিএটিসি'র জন্য অধিগ্রহণকৃত জমির জটিলতা নিরসনের জন্য জেলা প্রশাসক রংপুর এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে মর্মে লিপিবদ্ধ হয়। এছাড়া, অন্যান্য সিদ্ধান্তসমূহের ক্ষেত্রে কোনও পরিবর্তন/সংশোধন না-থাকায় সর্বসম্মতিক্রমে ৬ষ্ঠ প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

২	প্রবিধানমালা সংশোধন	সংশোধিত প্রবিধানমালা ২৯ জুন ২০২০ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।এ বিষয়ে গত ৭ সেপ্টেম্বর ২০২০ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনানুষ্ঠানিক সভার মতামত/দিকনির্দেশনা মোতাবেক কার্যক্রম চলমান আছে মর্মে সভায় আলোচনা হয়।	জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত/ দিকনির্দেশনা মোতাবেক প্রবিধানমালা সংশোধন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন)
৩	অর্গানোগ্রাম হালনাগাদকরণ	ক) অর্গানোগ্রাম অনুমোদনের জন্য সংশ্লিষ্ট কাগজপত্রসহ নির্ধারিত ফরমেট-এ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব ০১ সেপ্টেম্বর ২০২০ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। খ) চলমান প্রকল্প বাস্তবায়নের প্রেক্ষিতে প্রয়োজনীয় জনবল নির্ধারণপূর্বক যথাসময়ে কেন্দ্রের অর্গানোগ্রামে অন্তর্ভুক্ত করতে হবে মর্মে আলোচনা হয়।	ক)অর্গানোগ্রাম অনুমোদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। খ) চলমান প্রকল্প বাস্তবায়নের প্রেক্ষিতে প্রয়োজনীয় জনবল নির্ধারণপূর্বক যথাসময়ে কেন্দ্রের অর্গানোগ্রামে অন্তর্ভুক্ত করতে হবে। বাস্তবায়নে: এমডিএস (প্রকল্প) এবং পরিচলক (প্রশাসন)

৪	নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি এবং বাজেট ম্যানেজমেন্ট কমিটি গঠন	ক) বিগত ১৯৮৪ থেকে ২০০৯-১০ অর্থ বছর পর্যন্ত ৫৯টি সাধারণ আপত্তি নিষ্পত্তি হয়েছে। বর্তমানে ২৭টি অগ্রিম অনুচ্ছেদ আপত্তি এবং ১৩টি সাধারণ আপত্তি রয়েছে। উক্ত অডিট আপত্তি নিষ্পত্তির জন্য একটি কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে মর্মে আলোচনা হয়। খ) কেন্দ্রের কর্মকর্তা/কর্মচারীদের ঢাকার হারে বাড়ি ভাড়া প্রদানের নিমিত্ত ৬৪তম বোর্ড সভার সিদ্ধান্তের আলোকে সাভারকে ব্যয়বহুল এলাকা হিসেবে ঘোষণা করার জন্য গত ১০ জুলাই ২০২০ তারিখে সচিব জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর ডিও পত্র প্রেরণ করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। গ) অডিট আপত্তি নিষ্পত্তির জন্য কমিটি গঠন করা হয়েছে। ৭ দিনের মধ্যে অফিস আদেশ জারি করা হবে মর্মে সভায় আলোচনা হয়। ঘ) কেন্দ্রের যুগোপযোগী বাজেট প্রণয়নের জন্য একটি বাজেট ওয়ার্কিং গ্রপ গঠন করা হয়েছে। শীঘ্রই অফিস আদেশ জারি করা হবে।	ক) অনিষ্পন্ন ৪০টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য কর্মপরিকল্পনা মাফিক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। খ) ঢাকার হারে বাড়ি ভাড়া প্রদানের নিমিত্ত ৬৪তম বোর্ড সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য পুনরায় অনুরোধ জানিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। গ) গঠিত কমিটি সময় সময়ে অভ্যন্তরীণ অডিট করে রেক্টর-এর নিকট প্রতিবেদন দাখিল করবেন। ঘ) গঠিত কমিটি প্রতিবছর কেন্দ্রের জন্য যুগোপযোগী বাজেট প্রণয়ন করে রেক্টর এর নিকট উপস্থাপন করবেন। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) উপপরিচালক (অর্থ)

৫	ই-নথিকার্যক্রম	ই-নথি কার্যক্রম অব্যাহত আছে। ০১ জুলাই হতে ২৬ সেপ্টেম্বর ২০২০ সময়ে মোট ব্যবহারকারী ১৮৭, ডাক গ্রহণ ৬৭৪৮টি, ডাক নিষ্পন্ন ৪৬৮৯টি, ডাক অনিষ্পন্ন ৪৬৫২ টি। পত্র জারী মোট ৩০১টি, নিষ্পন্ন নোট ৪৭৯টি এবং স্ব-উদ্যোগেসৃজিত নোট ৮০৭টি। সেপ্টেম্বর/২০২০ মাসে ই-নথি কার্যক্রমে বিপিএটিসি'র অবস্থান ২৯তম মর্মে সভায় অবহিত করা হয়। সভাপতি বিপিএটিসি'র ই-নথি কার্যক্রম বিষয়ে অসন্তোষ প্রকাশন করেন এবং ই-নথির অবস্থান এগিয়ে নেয়ার জন্য যে সকল দাপ্তরিক কার্যক্রম ই-নথির মাধ্যমে করা সম্ভব সেগুলো ই-নথিতেই নিষ্পন্ন করার তাগিদ দেন।	বিপিএটিসি'র ই-নথির অবস্থান এগিয়ে আনার জন্য কেন্দ্রে সকল ই-নথি ইউজার হতে অনিষ্পন্ন ডাক নিষ্পন্ন করতে হবে। যে সকল দাপ্তরিক কার্যক্রম ই-নথির মাধ্যমে করা সম্ভব সেগুলো ই-নথিতেই সম্পন্ন করতে হবে। বাস্তবায়নে: সকল পরিচালক, সিস্টেম এনালিষ্ট এবং জনাব মোঃ রুস্তম রাব্বানী, সহকারী প্রোগ্রামার-৪
৬	কেন্দ্রের সকল ক্রয় কার্যক্রম e-GP পদ্ধতিতে সম্পন্ন করা	১৯/০৯/২০২০ তারিখে সিপিটিইউ এর সিনিয়র সিস্টেমস এনালিস্ট e-GP বিষয়ে ২ ঘন্টা ব্যাপী বিশেষ বুনিয়াদি কোর্সে সেশন পরিচালনা করেন। সেশনে কেন্দ্রে অবস্থানরত অনুষদ সদস্যগণ যোগদান করেন মর্মে সভায় আলোচনা হয়।	e-GP বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। e-GP বিষয়ে বর্তমান অর্থবছরে APA এবং NIS নির্ধারণকৃত লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করতে হবে। বাস্তবায়নে: এমডিএস (পিএন্ডএস) পরিচালক (পিপিআর/প্রশাসন)/ উপপরিচালক (পিপিআর/সেবা)
৭	ওয়েবসাইট আপডেট/আধুনিকায়ন	ওয়েবসাইট যুগোপযোগী/হালনাগাদকরণ বিষয়ে গঠিত কমিটির একটি সভা ০৮/০৭/২০২০ তারিখে অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে ১৬/০৯/২০২০ খ্রি. তারিখে রেক্টর বরাবর প্রতিবেদন দাখিল করা হয়েছে মর্মে আলোচনা হয়।	বিপিএটিসি'র ওয়েবসাইটের সৌন্দর্য্য বৃদ্ধি ও আধুনিকায়নের জন্য স্বনামধন্য /অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তি/প্রতিষ্ঠান দিয়ে ওয়েবসাইট ডিজাইন/হালনাগাদ করতে হবে।
৮	Citizen Charterহালনাগাদকরণ	প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে বিপিএটিসি'র সিটিজেন চার্টার এর পাশাপাশি প্রশিক্ষণ বিষয়ে কিছু তথ্য থাকতে পারে মর্মে খোন্দকার আজিম আহমেদ, এমডিএস সভাকে অবহিত করেন।	মন্ত্রণালয়ের নির্ধারিত ছকে কেন্দ্রের Citizen Charter হালনাগাদ করে দ্রুত রেক্টর মহোদয়ের নিকট উপস্থাপন করবেন। বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি

৯	বাৎসরিক কর্মসম্পাদন চুক্তি(APA) বাস্তবায়ন	২০২০-২০২১ অর্থবছরের APA কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল অনুবিভাগ/অধিশাখায় প্রেরণ করা হয়েছে। কিছু কিছু অনুবিভাগ/অধিশাখা হতে ত্রৈমাসিক অগ্রগতি পাওয়া গিয়েছে। APA বিষয়ে ৪টি Half-day Stock-taking workshop করতে হবে মর্মে সভায় আলোচনা হয়।	ক) APA বিষয়ে ৪টি Half-day Stock-taking workshop করতে হবে। এজন্য কেন্দ্রের প্রশাসন বিভাগ হতে প্রয়োজনীয় বাজেট নির্ধারণ করতে হবে। খ) ২০২০-২০২১ অর্থবছরের APA বাস্তবায়নের নিমিত্ত কেন্দ্রের বিভিন্ন অনুবিভাগ/অধিশাখা হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে অগ্রগতি (প্রমাণকসহ) যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং APA সফ্টওয়্যারে আপলোড করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) এবং সংশ্লিষ্ট সকল অনুবিভাগ/অধিশাখা
১০	নতুন আরপিএটিসি স্থাপন	ক) আরপিএটিসি রংপুর এর অধিগ্রহণকৃত ভূমির আংশিক পরিবর্তনের প্রস্তাব সম্বলিত তদন্ত প্রতিবেদন বিভাগীয় কমিশনার, রংপুর ভূমি মন্ত্রণালয় প্রেরণ করেছেন মর্মে আলোচনা হয়। খ) সিলেট আরপিএটিসি জমির মূল্য বাবদ অবশিষ্ট ১৩ (তেরো কোটি) টাকা বরাদ্দের জন্য অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত আছে। গ) এমডিএস (এমঅ্যান্ডডি) মহোদয়ের নেতৃত্বে একটি টিম গত ২৭/০৮/২০২০ তারিখে প্রস্তাবিত ময়মনসিংহ আরপিএটিসি'র জন্য উপযুক্ত জায়গা নির্ধারণের লক্ষ্যে ময়মনসিংহ পরিদর্শনপূর্বক একটি প্রতিবেদন জমা দেন। তৎপ্রেক্ষিতে গত ২০/০৯/২০২০ তারিখে প্রস্তাবিত ময়মনসিংহ আরপিএটিসি স্থাপনের উপর্যুক্ত জায়গার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জেলা প্রশাসক, ময়মনসিংহ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। ঘ) আরপিএটিসি, ঢাকায় ২০তলা ভবন নির্মাণ বিষয়ে ৪টি	ক) আরপিএটিসি রংপুর জন্য অধিগ্রহনকৃত জমির জটিলতা দ্রুত নিরসনের জন্য বিভাগীয় কমিশনার এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। খ) এ বিষয়ে পুনরায় তাগিদ পত্র প্রেরণ করতে হবে। গ) ময়মনসিংহ আরপিএটিসি'র জমি অধিগ্রহণের বিষয়ে জেলা প্রশাসক ময়মনসিংহ এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। ঘ) আরপিএটিসি, ঢাকায় ২০তলা ভবন নির্মাণের সম্ভাব্যতা যাচাই-এর জন্য

		প্রশিক্ষণ প্রতিষ্ঠানসহ কয়েকজন প্রকৌশলীর সমন্বয়ে ২৪/০৯/২০২০ তারিখে আরপিএটিসি ঢাকায় একটি ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। সভায় উপস্থিত সদস্যগণ উক্ত জায়গা পরিদর্শন করে বিস্তারিত আলোচনান্তে মতামত ব্যক্ত করেন যে- উক্ত জায়গায় ১২-১৩তলা ভবন নির্মাণ করা সম্ভব হবে। ঙ) কক্সবাজারে বিশেষায়িত আরপিএটিসি স্থাপনের জন্য ১৫ একর জমি অধিগ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত আছে। চ) নতুন আরপিএটিসি'র কার্যক্রম তদারকির নিমিত্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ প্রস্তাবিত নতুন আরপিএটিসিসমূহের কার্যক্রম তদারকি করে রেক্টর এর নিকট রিপোর্ট করবেন মর্মে আলোচনা হয়। ছ) কর্মকর্তা/কর্মচারীদের বসবাসের জন্য আবাসিক এলাকায় নতুন ভবন নির্মাণের নিমিত্ত একটি প্রকল্প প্রস্তাব প্রস্তুত কার্যক্রম চলমান।	রাজউক এর সাথে যোগাযোগ করে মতামত নিতে হবে। ঙ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। চ) এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ প্রস্তাবিত নতুন আরপিএটিসিসমূহের কার্যক্রম তদারকি করে রেক্টর এর নিকট রিপোর্ট করবেন। ছ) কর্মকর্তা/কর্মচারীদের বসবাসের জন্য আবাসিক এলাকায় নতুন ভবন নির্মাণের নিমিত্ত দ্রুত প্রকল্প গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: এমডিএস (প্রকল্প)/এমডিএস (এমঅ্যান্ডডি), পরিচালক (এসটিঅ্যান্ডআরসি/প্রকল্প) এবং ড. এম আরিফুর রহমান, পরিচালক এবং উপপরিচালক, আরপিএটিসি, ঢাকা
১১	বিপিএটিসি'র আবাসিক ভবনসমূহ সংস্কার ও সংরক্ষণ	বর্তমান অর্থবছর হতে সকল আবাসিক ভবনের জানালায় নেট ও থাইগ্লাস স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হবে। আবাসিক ভবনের কোন কোন ফ্ল্যাটের দরজা ভাঙ্গা/ব্যবহার উপযোগী নয় মর্মে সভায় আলোচনা হয়।	২০২০-২০২১ অর্থবছরে পর্যায়ক্রমে সকল আবাসিক ভবনের জানালায় নেট ও থাইগ্লাস স্থাপনের কার্যক্রম দ্রুত শুরু করতে হবে। আবাসিক ভবনের যে সকল ফ্ল্যাটের দরজা ভাঙ্গা/ব্যবহার উপযোগী নয় অধিযাচন পত্র প্রদান সাপেক্ষে সেগুলো মেরামত করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) এবং উপপরিচালক (সেবা)

১২	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়ন	২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত অগ্রগতি চেয়ে ১০/০৯/২০২০ তারিখে সংশ্লিষ্ট সকল অনুবিভাগ/অধিশাখায় ইউও নোট প্রেরণ করা হয়েছে। ২৮ সেপ্টেম্বর ২০২০ তারিখের ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রবিদেন মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়।	কেন্দ্রের ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা যথাযথ বাস্তবায়ন করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি এবং পরিচালক (প্রশাসন)
১৩	ইনোভেশন টিম এর কার্যক্রম	কেন্দ্রের ২০১৯-২০২০ অর্থবছরের ইনোভেশন পুরস্কার প্রকাশসহ ২০২০-২০২১ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত আছে। কেন্দ্রের ইনোভেশন কার্যক্রম নিয়ে একটি ওয়ার্কশপ আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।	কেন্দ্রের ইনোভেশন কার্যক্রম নিয়ে একটি ওয়ার্কশপ-এর আয়োজন করতে হবে। ২০২০-২০২১ অর্থ বছরের ইনোভেশন কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়ন করতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি
১৪	বিপিএটিসিতে চলমান প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা	ক) চলমান প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। প্রতিমাসে এমডিএস (প্রকল্প) মহোদয়ের সভাপতিত্বে এডিপি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক চলমান প্রকল্পের কাজ তদারকি করা হয়। খ) ১৫তলা ডরমিটরি ভবনের নির্মাণ কাজ প্রকল্প দপ্তর হতে নিয়মিত তদারকি করা হচ্ছে মর্মে সভায় অবহিত করা হয়। গ) কেন্দ্রের চলমান প্রকল্পের মাধ্যমে উন্নয়ন কাজে নিয়োজিত শ্রকিগণের স্বাস্থ্যবিধি অনুসরণ করে সচেতনভাবে কাজ করার বিষয়টি সংশ্লিষ্ট প্রকৌশলী/ ঠিকাদারি প্রতিষ্ঠানকে প্রকল্প বাস্তবায়ন অফিস হতে নিয়মিত অবহিত করা হচ্ছে।	ক) বিপিএটিসি’র চলমান প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে। খ) ১৫তলা ডরমিটরি ভবন যথাযথ বিনির্দেশ অনুযায়ী মানসম্মত নির্মাণের জন্য নিয়মিত তদারকি করতে হবে। গ) কেন্দ্রের চলমান প্রকল্পের মাধ্যমে উন্নয়নকাজে নিয়োজিত শ্রমিকগণের স্বাস্থ্যবিধি অনুসরণ করে সচেতনভাবে কাজ করছে কি-না সে বিষয়টি নজর রাখতে হবে। বাস্তবায়নে: এমডিএস (প্রকল্প) ও সকল প্রকল্প পরিচালক

১৫	কর্মচারী কল্যাণ কার্যক্রম	বিপিএটিসি'র নিজস্ব কর্মচারীদের জন্য প্রস্তাবিত গৃহ নির্মাণ ঋণ প্রদান নীতিমালা-২০২০ এর ন্যায় পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এর শিক্ষক/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান নীতিমালা বিষয়ক একটি পরিপত্র ২৬ ডিসেম্বর ২০১৯ তারিখে অর্থ মন্ত্রণালয়ের বাজেট অনুবিভাগ-১, গৃহ নির্মাণ ঋণ কোষ হতে জারি করা হয়েছে মর্মে আলোচনা হয়।	এ বিষয়টি যাচাইপূর্বক ৬৫তম বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন)
১৬	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী (মুজিব বর্ষ/২০২০-২০২১) উদ্‌যাপন	তার লেখক) মুজিববর্ষ ২০২০-২০২১ উপলক্ষ্যে বিশেষ সংখ্যা নির্ধারিত সময়ের মধ্যে প্রকাশ করা হবে মর্মে আলোচনা হয়। খ) 'বঙ্গাবন্ধু চেয়ার' জনাব সেলিনা হোসেন, কথা সাহিত্যিক-এর সাথে যোগাযোগ করে তার লেখা সংগ্রহ করে কেন্দ্রের ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে এবং কর্মপরিধি মোতাবেক অন্যান্য কার্যক্রম পরিচালনার জন্য প্রতিনিয়ত যোগাযোগ অব্যাহত আছে।	ক) মুজিববর্ষ ২০২০-২০২১ উপলক্ষ্যে বিশেষ সংখ্যা নির্ধারিত সময়ের মধ্যে প্রকাশ করতে হবে। খ) 'বঙ্গাবন্ধু চেয়ার' জনাব সেলিনা হোসেন-এর সাথে যোগাযোগ করে তাঁর কর্মপরিধি মোতাবেক অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নে; পরিচালক (গবেষণা ও উন্নয়ন), পরিচালক (মুজিববর্ষ সেক্রেটারিয়েট) ও উপপরিচালক (প্রকাশনা)
১৭	ডেঙ্গু ও কোভিড-১৯ প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ	ক) ডেঙ্গু প্রতিরোধের জন্য কেন্দ্রের অফিস ও আবাসিক এলাকায় পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম অব্যাহত আছে। খ) করোনা প্রতিরোধে সুরক্ষা সামগ্রী ক্রয় ও বিতরণ করা হচ্ছে। গঠিত কমিটিসমূহ কাজ করছে। কেন্দ্রের কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে সচেতনা সৃষ্টি ও সময়ে সময়ে প্রয়োজনীয় পরামর্শ দেয়া হচ্ছে মর্মে সভাকে অবিহিত করা হয়।	ক) ডেঙ্গু প্রতিরোধের জন্য কেন্দ্রের অফিস ও আবাসিক এলাকায় পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং ফগার মেশিন দিয়ে ঔষধ ছিটাতে হবে। খ) কেন্দ্রে করোনা ভাইরাস প্রতিরোধে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নে:আহবায়ক করোনা প্রতিরোধ ও কোয়ারেন্টাইন কমিটি, ডেঙ্গু প্রতিরোধ কমিটি, উপপরিচালক (সেবা) মেডিকেল অফিসার

১৮	কেন্দ্রের চাকুরি প্রবিধানমালা ১৯৯২ মোতাবেক বিশেষ বেতন বর্ধন নীতিমালা ২০১২ সংশোধন সংক্রান্ত কমিটির প্রতিবেদন উপস্থাপন	কেন্দ্রের চাকুরি প্রবিধানমালা ১৯৯২ মোতাবেক বিশেষ বেতন বর্ধন নীতিমালা ২০১২ সংশোধন সংক্রান্ত কমিটির প্রতিবেদন পর্যালোচনার নিমিত্ত এমডিএস (পিঅ্যান্ডএস)-এর সাথে আলোচনা করে একটি সভা আহবানের বিষয়ে আলোচনা হয়।	বিশেষ বেতন বর্ধনের জন্য কি কি যোগ্যতা বা কার্য সম্পাদন দক্ষতা থাকবে তা নির্ধারণের জন্য বিভিন্ন Indicator ও Parameter নির্ধারণের জন্য একটি বাস্তবায়নযোগ্য নীতিমালা প্রণয়নের জন্য এমডিএস (পিঅ্যান্ডএস)-এর নেতৃত্বে একটি সভা করে সভার সিদ্ধান্ত রেক্টর-এর নিকট পেশ করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন)
১৯	কেন্দ্রের ৬৫তম বোর্ড সভার কার্যপত্র প্রস্তুতকরণ	বোর্ড সভায় উপস্থাপনযোগ্য আলোচ্যসূচি নিয়ে ৬৫তম বোর্ড সভার কার্যপত্র প্রস্তুত করা হয়েছে। বোর্ড সভার চেয়ারপারসন মহোদয়ের অভিপ্রায় অনুযায়ী অনলাইন/ অফলাইনে সভা অনুষ্ঠিত হবে মর্মে আলোচনা হয়।	বোর্ড সভার চেয়ারপারসন মহোদয়ের অভিপ্রায় অনুযায়ী অনলাইন/ অফলাইনে সভা আহবানের অনুমতি চেয়ে বোর্ড সভার চেয়ারপাসন মহোদয়কে ডি ও পত্র প্রেরণ করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন)
২০	২০তলা বঙ্গাবন্ধু একাডেমিক-কাম-প্রশাসনিক ভবন এর জন্য স্থান প্রস্তুতকরণ ও পুরাতন প্রশাসনিক ভবন অপসারণ	প্রশাসন ভবন ভাঙ্গার কাজ প্রায় শেষ পর্যায়ে। শীঘ্রই ২০তলা বঙ্গাবন্ধু একাডেমিক-কাম-প্রশাসনিক ভবন এর ভিত্তিপ্রস্তর স্থাপন করার বিষয়ে আলোচনা হয়।	২০তলা বিশিষ্ট বঙ্গাবন্ধু একাডেমিক-কাম-প্রশাসনিক ভবন এর ভিত্তিপ্রস্তর দ্রুত স্থাপন করতে হবে। বাস্তবায়নে: এমডিএস (প্রকল্প)/ প্রকল্প পরিচালক, বিপিএটিসি প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধি প্রকল্প (মেগা প্রকল্প)
২১	২০২০-২০২১ প্রশিক্ষণ বর্ষপঞ্জি অনুযায়ী আঞ্চলিক কেন্দ্রসমূহে প্রশিক্ষণ কোর্স পরিচালনা	আঞ্চলিক কেন্দ্রসমূহের ২০২০-২০২১ অর্থবছরের প্রশিক্ষণ বর্ষপুঞ্জি সংশোধন করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। ।	২০২০-২০২১ অর্থবছরের প্রশিক্ষণ বর্ষপুঞ্জি অনুযায়ী আঞ্চলিক কেন্দ্রসমূহের প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নে: এমডিএস (এমঅ্যান্ডডি), পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক, আঞ্চলিক কেন্দ্র (সকল)

২২	কেন্দ্রের অব্যবহৃত আসবাবপত্র ব্যবহার/এমডিএস এবং পরিচালকদের টয়েলেটসহ কমন টয়লেটগুলো আধুনিকায়ন	বিভিন্ন ভবনের সিড়িঁর নীচে অব্যবহৃত কিছু আসবাবপত্র রয়েছে সেগুলো ব্যবহার উপযোগী করে বিভিন্ন দপ্তরে সরবরাহ করা এবং এমডিএস, পরিচালকগণের ব্যবহারিত টয়লেট ও কেন্দ্রের কমন টয়লেটগুলো আধুনিকায়ন কার্যক্রম চলমান মর্মে সভায় অবহিত করা হয়।	কেন্দ্রের অব্যবহৃত আসবাবপত্র গুলো ব্যবহার উপযোগী করে বিভিন্ন দপ্তরে সরবরাহ করতে হবে। এছাড়, এমডিএস, পরিচালকগণের ব্যবহারিত টয়লেট ও কেন্দ্রের কমন টয়লেটগুলো আধুনিকায়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) এবং উপপরিচালক (সেবা)
২৩	বিপিএটিসি'র Documentary প্রস্তুত	বিপিএটিসি'র জন্য একটি মানসম্মত Documentary প্রস্তুতের নিমিত্ত ৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের বিষয়ে আলোচনা হয়।	বিপিএটিসি'র জন্য একটি মানসম্মত Documentary প্রস্তুতের জন্য নিম্নরূপভাবে কমিটি গঠন করতে হবে: ১) জনাব মোঃ জাকির হোসেন, পরিচালক- আহবায়ক ২) জনাব মোহাম্মদ জিয়াউল ইসলাম, সহকারী সিস্টেমস এনালিষ্ট-সদস্য ৩) জনাব মামুন অর রশিদ, লাইব্রেরিয়ান-সদস্য সচিব ৪) জনাব মোঃ মোতাহের হোসাইন, উপপরিচালক-সদস্য ৫। জনাব অনির্বান দাস সহপরিচালক- সদস্য
বিবিধ:			
২৪	কেন্দ্রের ইনডোর গেমস্ হল-এর Wooden Floor এবং সুইমিং পুল সংস্কারকরণ	কেন্দ্রের ইনডোর গেমস হল-এর Wooden Floor এবং সুইমিং পুল সংস্কার করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	খোন্দকার আজিম আহমেদ কেন্দ্রের ইনডোর গেমস হল-এর এবং সুইমিং পুল সংস্কারের জন্য পরিদর্শন করে প্রয়োজনীয় সংস্কারের জন্য 'সুইমিংপুলের ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট এবং ফাইবার গ্লাস শীট পরিবর্তন' কাজটি শীঘ্রই শুরু করতে হবে। ইনডোর গেমস্ হল সংস্কারের বিষয়ে পরিদর্শন করে সুপারিশসহ প্রতিবেদন দেয়ার জন্য এমডিএস (এমঅ্যান্ডডি) কে অনুরোধ জানানো হয়।

সভায় অন্য কোন আলোচনা না-থাকায় সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ রকিব হোসেন এনডিসি

রেক্টর

স্মারক নম্বর: ০৫.০১.২৬৭২.১২৬.০৬.০১৫.১৫.১০৫

তারিখ: ২০ আশ্বিন ১৪২৭

০৫ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অনুষদ সদস্য (সকল), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা-১৩৪৩।

২) উপ-পরিচালক, আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।

মোঃ সিদ্দিকুর রহমান
পরিচালক